গাংনীতে মোটরসাইকেলের ধাক্কায় গৃহবধু নিহত

মেহেরপুরের গাংনীতে রাস্তা পারাপারের সময় দ্রুতগামী মোটর সাইকেলের ধাক্কায় রাস্তার উপর ছিটকে পড়ে গৃহবধু খাইরুন (৪০) নিহত হয়েছেন। একই সময় আহত হয়েছেন মোটরসাইকেল আরোহী আসিফ(২১)।

আজ বৃহস্পতিবার সকাল ৯টার দিকে মেহেরপুরের গাংনীর ভাটপাড়া গ্রামের রাস্তায় এ দুর্ঘটনা ঘটে। গৃহবধু খাইরুন উপজেলার ভাটপাড়া গ্রামের আব্দুর রাজ্জাকের স্ত্রী।

স্থানীয়রা জানান, ওই গৃহবধু বাড়ি থেকে বের হয়ে রাস্তা পার হচ্ছিলেন। এসময় মোটরসাইকেল চালক আসিফ দ্রুতবেগে গাংনীতে আসার সময় সজোরে ধাক্কা দেয়। দুজনই রাস্তার উপর ছিটকে পড়ে। স্থানীয়রা দুজনকে চিকিৎসার জন্য গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক খাইরুনকে মৃত ঘোষণা করেন।

এদিকে, মোটরসাইকেল চালক আসিফের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। নিহতের পরিবারের অভিযোগ পাওয়া গেলে পরবর্তী আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।